গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, শেরপুর
(স্থানীয় সরকার শাখা)
www.sherpur.gov.bd

| শেখ হাসিনার মূলনীতি<br>গ্রাম শহরের উন্নতি |
|---|

স্মারক নং- ০৫.৪৫.৮৯০০.০০৭.১১.০০২.১৬- ৯৭৮

তারিখঃ ১৮ জ্যৈষ্ঠ ১৪৩০
০১ জুন ২০২৩

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগের ইউনিয়ন পরিষদ-২ শাখা এর ২৯-১১-২০২২ তারিখের ৪৬.০০.০০০০.০১৮.১১.০০২.১৭.২৯৮ নং স্মারক; ২০-০৩-২০২৩ তারিখের ৪৬.০০.০০০০.০১৮.১১.০০২.১৭.৩৩ নং স্মারকমূলে ছাড়পত্রের প্রেক্ষিতে শেরপুর জেলার 'ইউনিয়ন পরিষদ সচিব' এর ০৯ (নয়)টি শূন্য পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রচলিত নিয়োগ বিধি অনুযায়ী জনবল নিয়োগ এবং প্যানেল সংরক্ষণের লক্ষ্যে শেরপুর জেলার স্থায়ী বাসিন্দাগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে Online এ ( http://dcsherpur.teletalk.com.bd ) দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রম. | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১. | ইউনিয়ন পরিষদ সচিব | ০৯ (নয়)টি | জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী গ্রেড-১৪ (টাকা- ১০২০০/- - ২৪৬৮০/-) এবং বিধি মোতাবেক অন্যান্য ভাতাদি (ইউনিয়ন পরিষদ কর্তৃক ২৫% এবং সরকার কর্তৃক ৭৫ % বেতন প্রাপ্য হবেন) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি। |

**আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে :**

১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও শেরপুর জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
২। বিবাহিতা মহিলা প্রার্থী স্বামীর ঠিকানা স্থায়ী ঠিকানা হিসেবে উল্লেখ করলে সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ইউপি চেয়ারম্যান হতে নাগরিকত্ব সনদপত্র দিতে হবে।
৩। জেলা প্রশাসক, শেরপুর বরাবর আবেদন করতে হবে। আবেদন ও আবেদন ফি বিজ্ঞাপনের ১৮ নং অনুচ্ছেদ অনুযায়ী অনলাইনে জমা দিতে হবে।
৪। চাকরিরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে লিখিত অনুমতি গ্রহণ করে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং উক্ত অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় সাক্ষাৎকার বোর্ডের নিকট দাখিল করতে হবে। চাকরিরত প্রার্থীর আবেদনের কোনো অগ্রিম কপি গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।
**৫। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্রাদির মূলকপি উপস্থাপন/দাখিল করতে হবে:**
ক) অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's copy)।
খ) শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ সকল সনদপত্র/সাময়িক সনদপত্র।
গ) পৌরসভার মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে।
ঘ) জাতীয় পরিচয়পত্র ও অনলাইন জন্ম নিবন্ধন সনদের মূল কপি অবশ্যই মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে। তবে যাদের জাতীয় পরিচয়পত্র এখনও হয়নি তাদেরকে স্মার্ট এনআইডির অনলাইন কপির সত্যায়িত কপি মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।
ঙ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র/কন্যা হিসেবে মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগ প্রাপ্তির আবেদনের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১৮/১০/২০২০ খ্রি. তারিখের ৪৮.০০.০০০০.০০৩.২৫.০১৯.২০.৮৭৫ সংখ্যক পরিপত্রের নির্দেশনা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.molwa.gov.bd) সংরক্ষিত/প্রকাশিত প্রমাণক দাখিল করতে হবে। উক্ত প্রমাণক-এ সংশ্লিষ্ট বীর মুক্তিযোদ্ধার নাম থাকতে হবে।
চ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র/কন্যা হিসেবে চাকরি প্রার্থীকে নিম্নবর্ণিত ছক পূরণ করে মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে:

| প্রার্থীর নাম, পিতা-মাতার নাম ও ঠিকানা | বীর মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা | যে তালিকা বা গেজেটে বীরমুক্তিযোদ্ধার নাম রয়েছে তার বিবরণ | প্রার্থীর সাথে বীরমুক্তিযোদ্ধার সম্পর্ক (বীরমুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং নাতী/নাতনীর ক্ষেত্রে ছেলে/মেয়ে পক্ষ উল্লেখ করতে হবে) | জন্ম নিবন্ধন, জাতীয় পরিচয় পত্র, এসএসসি সনদ, সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদের প্রত্যয়ন পত্র অনুযায়ী বীরমুক্তিযোদ্ধার জন্ম তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | | |

ছ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র/কন্যা হলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র/কন্যা এই মর্মে সম্পর্ক উল্লেখপূর্বক ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের গেজেটেড কর্মকর্তা বা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান অথবা পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদপত্র/প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
জ) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় দেশের প্রচলিত আইন অনুসারে ওয়ারিশান সনদ দাখিল করতে হবে। বীর মুক্তিযোদ্ধা জীবিত থাকলে ওয়ারিশান সনদে তার প্রতিস্বাক্ষর থাকতে হবে এবং বীরমুক্তিযোদ্ধা জীবিত না থাকলে ওয়ারিশান সনদে কমপক্ষে ০১ (এক) জন ওয়ারিশের প্রতিস্বাক্ষর থাকতে হবে। কোনো বীরমুক্তিযোদ্ধার ওয়ারিশ অসত্য তথ্য সংবলিত ওয়ারিশপত্র গ্রহণ করলে তা বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে প্রচলিত আইনে ব্যবস্থা নেয়া হবে।
ঝ) অন্যান্য কোটায় নিয়োগ প্রাপ্তির আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট কোটার জন্য সরকার কর্তৃক নির্ধারিত সনদ/প্রমাণক।
ঞ) কম্পিউটার শিক্ষা বা অন্য কোন প্রশিক্ষণের সনদপত্র (যদি থাকে)।
ট) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনুমতিপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।
ঠ) অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে)।
৬। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগ বিজ্ঞপ্তিতে ও আবেদনপত্রে উল্লিখিত সকল সনদ ও কাগজপত্রের সত্যায়িত ছায়ালিপি ০১ (এক) সেট মৌখিক পরীক্ষা গ্রহণকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবি ও সিল থাকতে হবে।
৭। প্রার্থীর বয়সসীমা **২৫/০৬/২০২৩** খ্রি. তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার ২২ সেপ্টেম্বর ২০২২ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ সংখ্যক স্মারক মোতাবেক **২৫/০৩/২০২০** তারিখে সর্বোচ্চ বয়সসীমা ৩০ বছর নির্ধারিত হবে। বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স নিরূপণের ক্ষেত্রে কোনো প্রকার এফিডেভিট

৮। নিয়োগের ক্ষেত্রে সরকার সর্বশেষ সকল বিধি-বিধান এবং কোটা সম্পর্কিত প্রচলিত নীতিমালা অনুসরণ করা হবে। নির্দিষ্ট কোটায় নিয়োগের জন্য আবেদনের ক্ষেত্রে প্রার্থী তার দাবির স্বপক্ষে সরকার নির্ধারিত সনদপত্র/প্রমাণক মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে না পারলে তার দাবি অগ্রাহ্য বলে গণ্য হবে এবং তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে। কোটায় নিয়োগের সুপারিশের জন্য প্রার্থীদের সনদ/প্রমাণক বিবেচনা/গ্রহণের ক্ষেত্রে সাক্ষাৎকার বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে এবং নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক যাচাইয়ে উক্ত সনদ সঠিক বলে প্রমাণিত হতে হবে।

৯। আবেদনের সময় নামের বানান সতর্কতার সাথে শিক্ষা সনদের সাথে মিলিয়ে লিখতে হবে, শিক্ষা সনদে উল্লিখিত নামের বানানের বাইরে পদবি/মৃত ইত্যাদি লেখা যাবে না। স্থায়ী ঠিকানা সঠিকভাবে লিখতে হবে। অনলাইন আবেদনের প্রতিটি তথ্য সতর্কতার সাথে পূরণ করতে হবে।

১০। অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। কোনো প্রার্থী অসদুপায় অবলম্বন করলে কিংবা প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য নিয়োগ কার্যক্রমের যেকোনো পর্যায়ে বা নিয়োগদানের পরেও অসত্য/ত্রুটিপূর্ণ প্রমাণিত হলে তার প্রার্থীতা/নির্বাচন/নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১১। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোনো টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

১২। কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি, শর্তাবলী পরিবর্তন, সংশোধন, সংযোজন, বিয়োজন বা বাতিল বা নিয়োগ প্রক্রিয়া বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ সকল বিষয় www.sherpur.gov.bd ও www.dcsherpurinfo.gov.bd ওয়েবসাইটের মাধ্যমে জানানো হবে।

১৩। আবেদনপত্র গ্রহণ/বাতিল ও নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এবিষয়ে কোনো আপত্তি উত্থাপন করা যাবে না।

১৪। এছাড়া নিয়োগের পূর্বে ডোপ টেস্ট করা হবে। ডোপ টেস্টে কাউকে মাদকাসক্ত পাওয়া গেলে তাঁর দরখাস্ত/নির্বাচন বাতিল বলে গণ্য হবে।

১৫। সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট এবং সিভিল সার্জনের স্বাস্থ্যগত প্রত্যয়ন চাকরিতে নিয়োগের অন্যতম প্রধান শর্ত হিসেবে বিবেচিত হবে।

১৬। যে কোন তদবির কিংবা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

১৭। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংশ্লিষ্ট বিধি-বিধান কোন সংশোধিত হলে তা অনুসরণ করা হবে।

১৮। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলি:

ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://dcsherpur.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০৫/০৬/২০২৩ সকাল ১০:০০ ঘটিকা।

ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২৫/০৬/২০২৩ বিকাল ৫:০০ ঘটিকা। উক্ত সময়সীমার মধ্যে USER ID প্রাপ্ত প্রার্থীগণ Online- এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে Teletalk pre-paid mobile এ SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ) Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি ( দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online- আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে নিশ্চিত হবেন।

ঘ) প্রার্থী Online- এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ) **SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's copy তে কোনো তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয়। বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা এবং এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোডপূর্বক নিশ্চিত হয়ে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's copy-তে একটি User ID থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk pre-paid mobile নম্বর এর মাধ্যমে ০২ (দুইটি) SMS এর মাধ্যমে পরীক্ষার ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা এবং অনলাইন ফি বা Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৫৬/-(ছাপ্পান্ন) টাকা অফেরতযোগ্য মোট ৫৫৬/-(পাঁচশত ছাপ্পান্ন) টাকা পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন।

এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online-আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

**প্রথম SMS** : DCSHERPUR <space> User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example : DCSHERPUR **ABCDEF**

Reply : Applicant's Name, Tk. **556** Will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type DCSHERPUR Yes PIN and send to 16222.

**দ্বিতীয় SMS:** **DC**SHERPUR <space> **Yes** <space> **PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example : DCSHERPUR **YES 12345678**

Reply : Congratulations! Applicant's Name, payment completed successfully for DCSHERPUR Application for post xxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx)

চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dcsherpur.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

জ) শুধু Teletalk pre-paid মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

**i) User ID জানা থাকলে:**

**DC**SHERPUR <space> **Help** <space> **User** <space> **User ID** & Send to 16222

**ii) PIN Number** জানা থাকলে:

**DC**SHERPUR <space> **Help** <space> **PIN** <space> **PIN NO** & Send to 16222

Example: **DCSHERPUR Help PIN 12345678** Send to 16222

ঝ) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোনো মাধ্যম থেকে অনলাইনে আবেদন টাকা জমা করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা alljobs.query@teletalk.com.bd বা dcsherpur@mopa.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জব পোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (মেইল/মেসেজ এর subject-এ Organization Name: **DC**SHERPUR, Post Name: Union Parishad Sachib, Applicant's User ID Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

১৯। অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য নিয়োগ কার্যক্রমের যেকোনো পর্যায়ে বা নিয়োগ দানের পরেও অসত্য/ত্রুটিপূর্ণ/ ভুয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন/নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

২০। বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও শেরপুর জেলার ওয়েবপোর্টাল www.sherpur.gov.bd ও www.dcsherpurinfo.gov.bd এবং http://dcsherpur.teletalk.com.bd অথবা নিচের **QR Code** স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd/dcsherpur ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.sherpur.gov.bd ও www.dcsherpurinfo.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

২১। ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক ও সত্য। প্রদত্ত তথ্য অসত্য/ ত্রুটিপূর্ণ/ভুয়া প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

০১/০৬/২৩

সাহেলা আক্তার
জেলা প্রশাসক
শেরপুর
ফোন: +৮৮-০২৯৯৭৭৮১৯০০
Email: dcsherpur@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪৫.৮৯০০.০০৭.১১.০০২.১৬-১৭৮

তারিখঃ ১৮ জ্যৈষ্ঠ ১৪৩০ / ০১ জুন ২০২৩

**অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৪। পরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৫। জেলা প্রশাসক, ..........................(সকল)।
৬। পুলিশ সুপার, শেরপুর।
৭। সিভিল সার্জন, শেরপুর।
৮। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, শেরপুর।
৯। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শেরপুর সদর/নকলা/নালিতাবাড়ী/শ্রীবরদী/ঝিনাইগাতী, শেরপুর।
১০। উপজেলা নির্বাহী অফিসার, শেরপুর সদর/নকলা/নালিতাবাড়ী/শ্রীবরদী/ঝিনাইগাতী, শেরপুর।
১১। মেয়র, শেরপুর/নকলা/নালিতাবাড়ী/শ্রীবরদী পৌরসভা, শেরপুর।
১২। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, শেরপুর (বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসনের ওয়েব পোর্টালে আপলোড করার অনুরোধসহ)
১৩। চেয়ারম্যান (সকল),..........................................................ইউনিয়ন পরিষদ.........................., শেরপুর।
১৪। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স (১১ তলা), হোল্ডিং ৩/এ, ৫/এ, ৭/এ, রোড নং-১৭, গুলশান-১, ঢাকা-১২১২। **(তাঁকে উল্লিখিত বিজ্ঞপ্তি অনুযায়ী অনলাইনে আবেদন গ্রহণের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো)।**
১৫। সম্পাদক, দৈনিক সমকাল, টাইমস মিডিয়া ভবন (৫ম তলা), ৩৮৭, তেজগাঁও শিল্পএলাকা, ঢাকা-১২০৮। সম্পাদক, দৈনিক ইত্তেফাক, ঢাকা। সম্পাদক দৈনিক তথ্যধারা, নিউমার্কেট, শেরপুর শহর, শেরপুর। নিয়োগ বিজ্ঞপ্তিটি আপনার পত্রিকায় ৯×৫ সাইজের ভিতরের পাতায় ০১ (এক) দিনের জন্য প্রকাশের ব্যবস্থা গ্রহণপূর্বক নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারিত সংখ্যার ৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

০১/০৬/২৩

জেলা প্রশাসক
শেরপুর